

RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 02-02-2026

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন ২০২৬-২৭ অর্থবর্ষের বাজেটকে আত্মনির্ভর ভারত গঠনের জন্য যুব শক্তি পরিচালিত বাজেট বলে উল্লেখ করেছেন।

ওমুধ উৎপাদনে দেশকে শক্তিশালী করতে বায়োফার্মা শক্তি খাতে বরাদ্দ ১০ হাজার কোটি টাকা। মূল সীমা শুল্ক তুলে দেওয়া হচ্ছে ১৭ টি ক্যান্সার রোগের ওমুধ থেকে।

কৃষি ও সহায়ক ক্ষেত্রের জন্য এবারের বাজেটে বরাদ্দ ১ লক্ষ ৬৩ হাজার কোটি টাকা।

২) রাজ্যের পরিকাঠামো ও শিল্প ক্ষেত্রের উন্নয়নে পণ্যবাহী করিডর, হাইস্পিড রেল করিডর এবং নতুন শিল্পতালুক গড়ে তোলার প্রস্তাব রয়েছে বাজেটে।

৩) বাজেটকে স্বাগত জানিয়েছে বণিক মহল। রাজনৈতিক দলগুলির মিশ্র প্রতিক্রিয়া।

৪) রাজ্যে আজ থেকে এ বছরের মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে।

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামান গতকাল লোকসভায় ২০২৬-২৭ অর্থবর্ষে বাজেট প্রস্তাব পেশ ক'রে একে আত্মনির্ভর ভারত গঠনের জন্য যুব শক্তি পরিচালিত বাজেট বলে উল্লেখ করেছেন। বাজেটে অর্থনৈতিক বিকাশ ত্বরান্বিত করা, জনসাধারণের

সক্ষমতা বৃদ্ধি এবং পরিবার, সম্প্রদায়, অঞ্চল ও ক্ষেত্রগুলির কাছে নানা সুবিধা পৌঁছে দেওয়ার বার্তা দেওয়া হয়েছে।

দেশে চিকিৎসা ক্ষেত্রে ব্যাপক রূপান্তরের লক্ষ্যে বায়োলজি এবং বায়ো সিমিলারের দেশীয় উৎপাদনের জন্য পরিমন্ডল গড়ে তোলার প্রস্তাব রয়েছে বাজেটে। এই লক্ষ্যে আগামী ৫ বছরে বায়োফার্মা শক্তি খাতে ১০ হাজার কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাব দিয়েছেন অর্থমন্ত্রী।

ক্যান্সার রোগের ১৭ টি ওষুধের ওপর থেকে মূল সীমাঙ্কল তুলে দেওয়া হচ্ছে। দেশকে চিকিৎসা পর্যটনের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসাবে গড়ে তুলতে পাঁচটি মেডিকেল হাব তৈরিতে সরকার সহায়তা যোগাবে। তৈরি হবে তিনটি নতুন আয়ুর্বেদিক প্রতিষ্ঠান। জেলা হাসপাতালগুলিতে এমার্জেন্সি ও ট্রামা কেয়ার সেন্টারের বিকাশ ঘটিয়ে জরুরী পরিষেবার ৫০ শতাংশ বৃদ্ধির প্রস্তাব দেওয়া হয়েছে।

বাইট

কেন্দ্রীয় অর্থমন্ত্রীর পেশ করা ২০২৬-২৭-এর কেন্দ্রীয় বাজেটে গ্রামীণ ভারতের সার্বিক উন্নয়ন, কৃষি ব্যবস্থার আধুনিকীকরণ এবং গ্রামীণ এলাকার মানুষের জীবনযাত্রার মানোন্নয়নে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। 'সবকা সাথ, সবকা বিকাশ'-এর মন্ত্রে উজ্জীবিত হয়ে গ্রামীণ ভারতের জন্য 'তৃতীয় কর্তব্য' এর ওপর বিশেষ আলোকপাত করা হয়েছে বাজেটে। কৃষি ও সহায়ক ক্ষেত্রের জন্য এবারের বাজেটে বরাদ্দ হয়েছে প্রায় ১ লক্ষ ৬৩ হাজার কোটি টাকা, যা গত বছরের সংশোধিত বরাদ্দ প্রায় ১ লক্ষ ৫২ হাজার কোটি টাকার থেকে বেশি। MGNREGA প্রকল্পের পরিবর্তে নিয়ে আসা নতুন বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার আজীবিকা মিশন- গ্রামীণ (ভিবি জি রাম জি)

এর জন্য বরাদ্দ হয়েছে ৯৫ হাজার ৬৯২ কোটি টাকারও বেশি। অন্যদিকে পুরানো প্রকল্পটির জন্য প্রায় ৩০ হাজার কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।

কৃষি সংক্রান্ত বিভিন্ন তথ্য সরাসরি কৃষকদের কাছে তাদের ভাষায় পৌঁছে দিতে ভারত বিস্তার নামে একটি বহুভাষী এআই টুল চালুর ঘোষণা করা হয়েছে। উপকূলীয় অঞ্চলে নারকেল, চন্দন, কোকো এবং কাজু চাষে বিশেষ উৎসাহ দেওয়া হচ্ছে। ২০ হাজারেরও বেশি নতুন পশু চিকিৎসক বা ভেটেরিনারি প্রফেশনাল তৈরির পরিকল্পনা করেছে সরকার। মৎস্য খাতের জন্য বরাদ্দ করা হয়েছে ২ হাজার ৭৬১ দশমিক ৮/০ কোটি টাকা। এর মধ্যে প্রায় আড়াই হাজার কোটি টাকা রয়েছে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা প্রকল্প।

গ্রামীণ শিল্পের অগ্রগতিতে কারিগর, তাঁতী ও খাদি শিল্পকে শক্তিশালী করতে মহাত্মা গান্ধী গ্রাম স্বরাজ উদ্যোগ শুরু করা হচ্ছে। স্বনির্ভর গোষ্ঠীগুলির সহায়তায় গঠন করা হবে সেলফ হেল্প এন্টারপ্রিনিয়ার মার্ট।

২০২৬-২৭ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটে রাজ্যের পরিকাঠামো ও শিল্প ক্ষেত্রের উন্নয়নে বেশ কিছু প্রকল্পের ঘোষণা করেছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। রাজ্যের শিল্পায়ন ও যোগাযোগ ব্যবস্থাকে তেলে সাজাতে ‘পূর্বোদয়’ প্রকল্পের আওতায় একাধিক মেগা প্রকল্পের ঘোষণা করা হয়েছে এবারের বাজেটে। দুর্গাপুরে নতুন শিল্প তালুক থেকে শুরু করে বারাণসী-শিলিগুড়ি হাই-স্পিড রেল, পশ্চিমবঙ্গের জন্য রয়েছে একগুচ্ছ উন্নয়ন প্রকল্প।

রাজ্যের শিল্প ক্ষেত্রে প্রাণ সঞ্চারে দুর্গাপুরকে কেন্দ্র করে একটি সমন্বিত শিল্প তালুক বা Industrial Node তৈরির প্রস্তাব দিয়েছেন অর্থমন্ত্রী। এটি মূলত অমৃতসর-কলকাতা শিল্প করিডরের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে কাজ করবে। পাশাপাশি, ডানকুনি থেকে গুজরাটের সুরাট পর্যন্ত একটি বিশেষ পণ্যবাহী রেল করিডর তৈরির ঘোষণা করা হয়েছে, যা দুই রাজ্যের মধ্যে বাণিজ্যকে আরও সহজতর করবে।

বাইট

রেল পরিকাঠামোর উন্নয়নে বাজেটে অমৃত ভারত প্রকল্পের অধীনে শিয়ালদহ সহ রাজ্যের ৯৪টি স্টেশনের আধুনিকীকরণের কাজ দ্রুত শেষ করার কথা বলা হয়েছে। উত্তরবঙ্গের মানুষের সুবিধার জন্য ঘোষণা হয়েছে বারাণসী-শিলগুড়ি হাই-স্পিড রেল করিডর এর, যা পর্যটন ও ব্যবসা উভয় ক্ষেত্রেই পট পরিবর্তনকারী হয়ে উঠবে বলে মনে করা হচ্ছে। কলকাতা মেট্রো রেল কর্পোরেশন লিমিটেড-এর ইস্ট-ওয়েস্ট মেট্রো করিডরে বরাদ্দ করা হয়েছে ৫২৯ কোটি টাকা। জোকা-বিবাদি বাগ প্রকল্পে ৯০৬ কোটি টাকা এবং দমদম বিমানবন্দর-নিউ গড়িয়া প্রকল্পে বরাদ্দ হয়েছে ৭০৫ কোটি টাকার বেশি।

রাজ্যের গ্রাহিতার পাট শিল্পের আধুনিকীকরণের জন্য বিশেষ সহায়তার পাশাপাশি বণ্যা নিয়ন্ত্রণে উত্তরবঙ্গের তিস্তা ও জলঢাকা নদীর সংস্কারে কেন্দ্রীয় সহায়তার কথাও বাজেটে বলা হয়েছে। পর্যটন বিকাশ উদ্যোগের মাধ্যমে রাজ্যের গ্রাহিতার স্থানগুলিকে বিশ্বমানের পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার পরিকল্পনাও সরকারের রয়েছে বলে মনে করা হচ্ছে।

বাজেট প্রস্তাবের ফলে হৃদরোগ, ক্যাল্পার, ডায়াবেটিস সহ ৭টি বিরল রোগের ওষুধের দাম কমবে। হ্রাস পাবে বন্ধ, সোলার প্যানেল, জুতো সহ চর্মজাত দ্রব্য, সামুদ্রিক খাদ্য, ব্যাটারি, বায়োগ্যাস, বিমান ও টেলিভিশনের যন্ত্রাংশ, মাইক্রোওভেন, মোবাইল ফোন ইত্যাদির দামও। শিক্ষা, চিকিৎসার জন্য বিদেশযাত্রার খরচ কমছে।

মদ, সিগারেট, কয়লা, লোহা সহ খনিজের দাম বাড়তে পারে।

রাজ্যের বণিক সভা গুলি ২০২৬-২৭ অর্থবছরের বাজেটকে স্বাগত জানিয়েছে।
পাট মৎস্য এবং চা শিল্পের মতো রাজ্যের বিশেষ ক্ষেত্রগুলি জন্য নতুন প্রস্তাবিত
ফ্রেট করিডর সহায়ক হবে বলে মনে করেন বণিক সংঘ ইন্ডিয়ান চেম্বার অফ কমার্সের
সহ-সভাপতি পার্থিব বিক্রম নেওটিয়া।

বাইট পারথিব নেওটিয়া

বাজেটকে উন্নয়নমুখী বলে উল্লেখ করেছেন ভারত চেম্বার অব কমার্সের সভাপতি
এমজি বৈতান।

এবারের বাজেটে স্বাস্থ্য ক্ষেত্রে বিশেষ নজর দেয়া হয়েছে। বিশিষ্ট জনস্বাস্থ্য
বিশেষজ্ঞ ডঃ কাজল কৃষ্ণ বণিক বাজেটে প্রস্তাবিত মেডিকেল ট্যুরিজম হাবে যাতে
দেশের চিকিৎসক ও চিকিৎসাকর্মীদের কর্মসংস্থান হয় সেই বিষয়ে সরকারের দৃষ্টি
আকর্ষণ করেছেন।

বাইট ডঃ কাজল কৃষ্ণ বণিক

এ বছরের মাধ্যমিক পরীক্ষা আজ শুরু হচ্ছে । এবার পরীক্ষা দেবে ৯ লক্ষ ৭১ হাজার ৩৪০ জন । তাদের মধ্যে ছাত্রীর সংখ্যা এবার বেশি ৫ লক্ষ ৪৪ হাজার ৬০৬ জন ।

ছাত্রদের সংখ্যা ৪ লক্ষ ২৬ হাজার ৭৩৩ । ২ হাজার ৬৮২টি কেন্দ্রে পরীক্ষা হবে । সকাল ১১ টা থেকে পরীক্ষা শুরু হয়ে চলবে দুপুর দুটো পর্যন্ত । প্রশ্নপত্র দেওয়া হবে সকাল ১০ টা ৪৫ এ । এবার পরীক্ষা চলবে ১২ ফেব্রুয়ারি অবধি ।

পরীক্ষার্থীদের সুবিধার্থে ২৪ ঘন্টার হেল্পলাইন নম্বর চালু করেছে মধ্যশিক্ষা পর্ষদ । নম্বরগুলি হল - ০৩৩ ২৩২১ ৩৮১৩, ০৩৩ ২৩৫৯ ২২৭৭ এবং ০৩৩ ২৩৩৭ ২২৮২ । কলকাতা পুলিশের হেল্পলাইন নম্বর হল ৯৪৩২ ৬১ ০০৩৯ । পুলিশ জানিয়েছে, মাধ্যমিকের দিনগুলিতে যদি পরীক্ষার্থীরা কোনওরকম অসুবিধার মধ্যে পড়ে, তাঁরা এই নম্বরে যোগাযোগ করলে পুলিশ সঙ্গেসঙ্গেই তাঁদের কাছে পৌঁছে যাবে ।

নির্বাচন কমিশন এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর বিরুদ্ধে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী । ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী (এসআইআর)-র বিরুদ্ধে এই মামলা বলে জানা গেছে । আগামী বৃদ্ধবার প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচীর বেঞ্চে রাজ্যের এআইআর মামলার শুনানি রয়েছে । আদালত সূত্রে খবর, চলতি সপ্তাহেই মুখ্যমন্ত্রীর দায়ের করা মামলাটির শুনানি হতে পারে ।

অন্যদিকে আজ, নতুন দিল্লীতে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ও ফুল বেঞ্চের সঙ্গে সাক্ষাৎ করার কথা মুখ্যমন্ত্রীর ।

বিজেপি, কেন্দ্রের বাজেটকে বিকাশমুখি বলে দাবি করেছে। গতকাল দলের সল্টলেক অফিসে এক সাংবাদিক বৈঠকে দলের বিধায়ক অর্থনীতিবিদ অশোক লাহিড়ী বলেন, ২০২৫-২৬ অর্থবর্ষের বাজেটে মূলধনী খাতে ব্যয় ১১ লক্ষ কোটি টাকা থেকে বাড়িয়ে ২০২৬-২৭ অর্থবর্ষে ১২ লক্ষ কোটি টাকা করা হয়েছে। তাই একে বৃদ্ধি ভিত্তিক বাজেট বলে শ্রী লাহিড়ী দাবি করেছেন।

(বাইট- অশোক লাহিড়ী)

কেন্দ্রীয় বাজেটে রাজ্যকে বঞ্চিত করা হয়েছে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। দিল্লি রওনা হওয়ার আগে আজ বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, বাজেটে এরাজ্যের জন্য কিছুই নেই।

(বাইট-মমতা)

এলাকা দখলকে কেন্দ্র করে দুই গোষ্ঠীর সংঘর্ষে দক্ষিণ কলকাতার ঢাকুরিয়ার গোলপার্কের কাঁকুলিয়া রোড গতরাতে উত্তপ্ত হয়ে ওঠে। বোমাবাজির পাশাপাশি গুলি চলে বলেও অভিযোগ। ভাঙ্চুর করা হয় পুলিশের গাড়ি। এই ঘটনায় দুজন আহত হয়েছেন বলে খবর। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, শাসকদলের ঘনিষ্ঠ সোনা পাঞ্চ নামে একজন দুষ্কৃতির লোকজন এলাকা দখলের জন্য গতরাতে হামলা চালায়। ব্যাপক বোমাবাজি করা হয়। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে বিরাট পুলিশ বাহিনী সেখানে যায়। আহতদের মধ্যে একজন গুলিবিদ্ধ। তাকে কলকাতার এসএসকেএম হাসপাতালে ভর্তি করা হয়েছে। ইতোমধ্যেই বেশ কয়েকজনকে আটক করা হয়েছে।

তৃণমূল কংগ্রেসের কাউন্সিলার বৈশ্বানর চট্টোপাধ্যায় এবং তার স্ত্রী ৯০ নম্বর
ওয়ার্ডের কাউন্সিলার চৈতালী চট্টোপাধ্যায় সেখানে গেলে তাদের ঘিরে ধ'রে বিক্ষেভ
দেখানো হয়। এলাকা দখলের অভিযোগ অবশ্য অস্বীকার করেছেন বৈশ্বানর।
